গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
www.doict.brahmanbaria.gov.bd

অক্টোবর ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ দিদারুল আলম জেলা প্রশাসক ও সভাপতি, জেলা আইসিটি বিষয়ক কমিটি
সভার তারিখ	২৩ অক্টোবর ২০২৪
সভার সময়	সকাল- ১১.৪৫ ঘটিকায়
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় আইসিটি ব্যবহারের মাধ্যমে নতুন বাংলাদেশ বিনির্মাণে দিকনির্দেশনামূলক বক্তব্য রাখেন এবং আলোচ্যসূচি পেশ করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ জানান। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন। উপস্থাপিত কার্যবিবরণীর উপর কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণীর উপর কোন বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। সভাপতি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জেলার সকল দপ্তরকে তাদের স্ব স্ব জাতীয় তথ্য বাতায়ন (ওয়েব পোর্টাল) শতভাগ হালনাগাদ করার ও ই-নথি/ডি-নথিতে লাইভে থাকা দপ্তরসমূহকে তাদের দাপ্তরিক কার্যক্রম ই-নথি/ডি-নথি সিস্টেমে শতভাগ নিষ্পত্তি করার জন্য অনুরোধ জানান। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১. ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:

১.১ জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া এবং অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক পরিদর্শন/দর্শন সংক্রান্ত তথ্য: সেপ্টেম্বর ২০২৪

ক্র.ন.	কর্মকর্তাবৃন্দ	ইউডিসি পরিদর্শন
০১.	মোহাম্মদ দিদারুল আলম জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।	০২ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন।
০২.	মাহমুদা আক্তার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া।	০১ টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন করেন।

১.২ উপজেলা পর্যায়ের ইউডিসির আয়, সেবাগ্রহীতার সংখ্যা এবং উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন / দর্শন ও অন্যান্য তথ্যাদি নিম্নরূপ: অক্টোবর ২০২৪

ক্র.ন.	উপজেলা	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ		ইউডিসি					
		সভা অনুষ্ঠানের তারিখ	সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে কিনা	মোট ইউডিসির সংখ্যা	ইউএনও কর্তৃক পরিদর্শন	ইউএনও কর্তৃক দর্শন	ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা)	ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা (জন)	অন্যান্য প্রশিক্ষণ
০১	সদর	২৬/০৯/২০২৪	হ্যাঁ	১১	৪	৪	২,৮১,০০০/-	৩৯৩০	
০২	নাসিরনগর	২৬/০৯/২০২৪	হ্যাঁ	১৩	৪	৪	১,২৮,৭৩২/-	৩৩৪১	
০৩	সরাইল	৩০/০৯/২০২৪	হ্যাঁ	০৯	০	২	১,৩২,৭৩০/-	২৮৫৪	
০৪	কসবা		না	১০	০	২	২,৫৩,৯৪০/-	১০১০২	
০৫	আখাউড়া	২৬/০৯/২০২৪	হ্যাঁ	০৫	৪	৪	২৬,৯১০/-	৮৮৬	
০৬	নবীনগর		না	২১	৪	৪	৩,৩০,৫০০/-	৩৫৪৪	
০৭	বাঞ্ছারামপুর	২৬/০৯/২০২৪	হ্যাঁ	১৩	২	২	১,৩১,৭০০/-	১৩৩৮০	
০৮	আশুগঞ্জ	২৯/০৯/২০২৪	হ্যাঁ	০৮	৮	৪	১৬,৬৫২/-	৩৬৮	
০৯	বিজয়নগর	৩০/০৯/২০২৪	হ্যাঁ	১০	৪	৪	৫৬,৫০০/-	২৬৭০	

০২. সভার আলোচনা ও সিদ্ধান্ত :

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.১	**<u>জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালের তথ্য:</u>** জেলা প্রশাসক মহোদয় জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের ওয়েব পোর্টালের বর্তমান হালনাগাদ অবস্থা জানতে চাইলে জনাব মো: সামছু উদ্দিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, জেলা পর্যায়ে ৮২ (বিরাশি) টি অফিসের মধ্যে ৭৯ (উনআশি) টি, উপজেলা পর্যায়ে ৩২১ (তিনশত একুশ) টি অফিসের মধ্যে ৩০১ (তিনশত এক) টি এবং ইউনিয়ন পর্যায়ে ১০০ (এক শত) টি ইউনিয়নের মধ্যে ৬৫ (পঁয়ষট্টি) টি ইউনিয়নের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ রয়েছে। প্রোগ্রামার আরো উল্লেখ করেন যে, উপজেলা পর্যায়ের দপ্তরসমূহে বিজয়নগর ৩৪ টির মধ্যে ৩৩ টি শতভাগ, বাঞ্ছারামপুর ৩৩ টির মধ্যে ৩০ টি শতভাগ, আখাউড়া ৩৮ টির মধ্যে ৩১ টি শতভাগ, কসবা ৩৪ টির মধ্যে ৩৩ টি শতভাগ, আশুগঞ্জ ৩৫ টির মধ্যে ৩৩ টি শতভাগ, সদর ৪২ টির মধ্যে ৪১ টি শতভাগ, সরাইল ৩৬ টির মধ্যে ৩৫ টি শতভাগ, নাসিরনগর ৩৫ টির মধ্যে ৩২ টি শতভাগ, নবীনগর ৩৪ টির মধ্যে ৩৩ টি শতভাগ হালনাগাদ রয়েছে। জেলা প্রশাসক মহোদয়, প্রোগ্রামারকে আগামী সভার পূর্বে জেলা পর্যায়ের জাতীয় তথ্য বাতায়ন ভিজিট করে বর্তমান হালনাগাদ চিত্র দপ্তর প্রধানগণকে ই-মেইলে প্রেরণ করতে বলেন। উপজেলা নিবার্হী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়াকে আগামী সভার পূর্বে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। প্রত্যেক অফিসের	১। ব্রাহ্মণবাড়িয়া জেলাধীন সরকারি দপ্তরসমূহের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে। ২। উপজেলা নির্বাহী অফিসারগণ আগামী সভার পূর্বে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সরকারি দপ্তরের ও ইউনিয়নের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ৩। আগামী সভার পূর্বে জেলা পর্যায়ের জাতীয় তথ্য বাতায়ন ভিজিট করে বর্তমান হালনাগাদ চিত্র দপ্তর প্রধানগণকে ই-মেইলে প্রেরণ করতে হবে। ৪। জেলা পর্যায়ের স্ব-স্ব অফিসের ওয়েব সাইট হালনাগাদ এবং তার আওতাধীন উপজেলা পর্যায়ের অফিসসমূহকে ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান	১. জেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২. উপ-পরিচালক, স্থানীয় সরকার। ৩. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)। ৪. উপজেলা নিবার্হী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ৫. প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামার (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	ওয়েব সাইট হালনাগাদের দায়িত্ব স্ব-স্ব অফিসের। কোন কর্মকর্তা/কর্মচারী পরিবর্তন/বদলী হলে এবং পরিবর্তনযোগ্য কোন তথ্যাদি (যেমন: হালনাগাদকৃত সিটিজেন চার্টার, অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা, তথ্য প্রদানকারী কর্মকর্তা, যোগাযোগের ঠিকানাসহ ইত্যাদি) থাকলে নিজেরাই হালনাগাদ করবেন। প্রতি দপ্তরে ওয়েব পোর্টাল হালনাগাদ বিষয়ক একজন ফোকাল পার্সন নির্বাচন করে নাম পদবি ও মোবাইল নম্বরসহ তথ্য ওয়েব সাইটে প্রকাশ করতে হবে। প্রকল্প সংক্রান্ত ও পাবলিক ডকুমেন্ট নিয়মিত ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে। জেলা প্রশাসক মহোদয় সভায় আরো বলেন যে, ওয়েব পোর্টাল বাংলার পাশাপাশি ইংলিশ ভার্সনেও হালনাগাদ করতে হবে। জেলা পর্যায়ের স্ব স্ব অফিস তাঁর আওতাধীন উপজেলা পর্যায়ের অফিসসমূহকে ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদকরণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান ও তদারকি করবেন। জেলা পর্যায়ের দপ্তরসমূহ তাঁর অধীন উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের ওয়েব পোর্টালের হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করবেন।	ও তদারকি করবেন। ০১ (এক) জন কর্মকর্তা/ কর্মচারীকে ওয়েব পোর্টাল ফোকাল পারসন করে তা ওয়েব সাইটে নাম, পদবি ও মোবাইল নম্বরসহ প্রকাশ করবেন। ৫। জেলা পর্যায়ের দপ্তরসমূহ তাঁর অধীন উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ অগ্রগতির প্রতিবেদন আগামী সভার পূর্বে এ কার্যালয়ে প্রেরণ করবেন। ৬। প্রকল্প সংক্রান্ত ও পাবলিক ডকুমেন্ট নিয়মিত ওয়েব পোর্টালে প্রকাশ করতে হবে এবং ওয়েব পোর্টাল বাংলার পাশাপাশি ইংলিশ ভার্সনেও হালনাগাদ রাখতে হবে।	
২.২	**ইউডিসি সংক্রান্ত:** ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সচল ও বেগবান করার মাধ্যমে জনসাধারণকে সেবা প্রদান নিশ্চিত করা এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তারা নিয়মিত তাদের সেবা ও আয় সংক্রান্ত তথ্য এক সেবাতে আপলোড করে কিনা সেগুলো তদারকি করার বিষয়ে সভায় আলোচনা হয়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়, সেবাগ্রহীতার সংখ্যা, উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক দর্শন ও পরিদর্শন সংক্রান্ত ১ম পক্ষ, ২য় পক্ষ ও মাসিক তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইকুইপমেন্ট ও লজিস্টিক সাপোর্টের প্রয়োজনীয়তার বিষয়টি সভায় উপস্থাপন করেন।	০১। ইউনিয়ন ডিজিটাল সেন্টার পরিদর্শন ও তদারকি অব্যাহত রাখতে হবে। ২। ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর উদ্যোক্তাগণ তাদের সেবা ও আয় সংক্রান্ত তথ্য নিয়মিত আপলোড করার বিষয়টি নিশ্চিত করতে হবে। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের আয়, সেবাগ্রহীতার সংখ্যা, উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক দর্শন ও পরিদর্শন সংক্রান্ত ১ম পক্ষ, ২য় পক্ষ ও মাসিক তথ্যাদি জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে। ৩। ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার নিমিত্ত ইউনিয়ন পরিষদের তহবিল হতে ইকুইপমেন্ট ও লজিস্টিক সাপোর্ট প্রদান করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২.প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ৩. সহকারী প্রোগ্রামার (সকল); তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ৪. উদ্যোক্তা, ইউডিসি (সকল), ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.৩	**অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ :** The Bengal Records Manual, ১৯৪৩ অনুযায়ী রেকর্ডরুম ব্যবস্থাপনায় আবেদনকারীদের আবেদনের পরিপ্রেক্ষিতে খতিয়ানের জাবেদা নকল (সিএস/ এসএ/বিএস) ডাকযোগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। বর্তমানে এ সেবাকে জনগণের দোরগোড়ায় পৌঁছে দেবার লক্ষ্যে https://eporcha.gov.bd/ ও সকল ইউডিসি কেন্দ্র হতে অনলাইনে আবেদন গ্রহণ করে নির্ধারিত সময়ে খতিয়ানের জাবেদা নকল বা পর্চা ডাকযোগে প্রেরণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। ইউডিসি ও অনলাইন এর মাধ্যমে আবেদনকৃত জমির পর্চা/নকলের সার্টিফাইড কপি ডাক মাধ্যমে প্রেরণ অব্যাহত রাখতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২. সহকারী কমিশনার, রেকর্ড রুম, ব্রাহ্মণবাড়িয়া। ৩. ইউডিসি উদ্যোক্তা (সকল), ব্রাহ্মণবাড়িয়া।
২.৪	**ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি :** জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ ও মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০১৭ তারিখের ০৪.০০. ০০০০. ৮৩১.৯৭. ০০৪. ১৫.৬৯ ও ০৪.০০.০০০০. ৮৩১.৯৭. ০০৪. ১৫.৭০ নং স্মারকসমূহে ও ই-নথি/ডি-নথি ব্যবহারের নির্দেশনা রয়েছে। সরকারি কাজে তথ্য ও যোগাযোগ প্রযুক্তির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে জনসাধারণকে স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে দ্রুত সেবা প্রদান নিশ্চিতকরণের নিমিত্ত ব্রাহ্মণবাড়িয়া জেলার সকল সরকারি দপ্তরে ই-নথি/ডি-নথি ব্যবহার করে নথিপত্র/দাপ্তরিক কার্যক্রম নিষ্পত্তির বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করা হয়।	১। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা-২০১৮ এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক ব্রাহ্মণবাড়িয়া জেলার ই-নথি/ডি-নথিতে লাইভে থাকা সকল সরকারি দপ্তর ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে শতভাগ ই-নথি/ডি-নথি ব্যবহার করে নথিপত্র/দাপ্তরিক কার্যাদি নিষ্পন্ন করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক , রাজস্ব/সার্বিক/ শিক্ষা ও আইসিটি/ বিজ্ঞ এডিএম, ব্রাহ্মণবাড়িয়া। ২. জেলা পর্যায়ের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ব্রাহ্মণবাড়িয়া। ৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা)। ৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ৬. সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।
২.৫	**সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:** উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সকল সরকারি কর্মকর্তাদের সরকারি ই-মেইল নিয়মিত পর্যবেক্ষণ ও তদানুযায়ী পদক্ষেপ গ্রহণ করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। যে সকল দপ্তরে ই-নথি/ডি-নথি কার্যক্রম চলমান নেই, সে সকল দপ্তরের ই-মেইলে অন্যান্য অফিস হতে ই-নথি/ ডি-নথিতে জারিকৃত পত্রসমূহ প্রেরণ করতে হবে।	১। সরকারি কর্মকর্তাদের ব্যক্তিগত ও অফিসের ই-মেইল নিয়মিত যাচাই এবং প্রাপ্ত ই-মেইল এর নির্দেশনানুযায়ী দ্রুত পদক্ষেপ গ্রহণ করতে হবে। ২। প্রত্যেক দপ্তর প্রধান নিয়মিত তার সরকারি ই-মেইল চেক করবেন।	১. স্ব-স্ব অফিস প্রধান , ব্রাহ্মণবাড়িয়া। ২. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া ।
২.৬	**উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান:** উপজেলা পর্যায়ে গঠিত আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভা আবশ্যিকভাবে আয়োজনের সরকারি নির্দেশনা রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার (সকল) কে নিয়মিতভাবে উপজেলা আইসিটি কমিটির মাসিক সভা আয়োজন এবং উক্ত সভার কার্যবিবরণী ই-নথি/ডি-নথির মাধ্যমে এ কার্যালয়ে প্রেরণ এবং উপজেলা তথ্য বাতায়নে আপলোড নিশ্চিত করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।	প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা করে সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ ও উপজেলা তথ্য বাতায়নে আপলোড নিশ্চিত করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া। ২.সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
২.৭	**হার পাওয়ার প্রকল্প:** প্রোগ্রামার সভায় অবহিত করেন যে, তথ্য প্রযুক্তির সর্বোত্তম নিরাপদ ব্যবহার করে দক্ষতা বৃদ্ধির মাধ্যমে নারীদের আত্মকর্মসংস্থানের ব্যবস্থা ও উদ্যোক্তা হিসাবে তাদের টেকসই ক্ষমতায়ন নিশ্চিত করার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের অধীন হার পাওয়ার প্রকল্পের মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া সদর, কসবা এবং নবীনগর উপজেলায় ওমেন ই-কমার্স প্রফেশনাল ২৫ জন করে ৩টি ব্যাচ চলমান। ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় ২৫ জনকে ওমেন কল সেন্টার এজেন্ট বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণার্থী প্রত্যেককে ০১টি করে ল্যাপটপ প্রদান করা হয়। হার পাওয়ার প্রকল্প ফেজ-৩ এর মাধ্যমে ব্রাহ্মণবাড়িয়া সদর, কসবা এবং নবীনগর উপজেলায় প্রতি উপজেলায় ৮০ জন করে { (গ্রাফিক্স ডিজাইন: ৪০ জন(২টি ব্যাচ), ওয়েব ডেভেলপম্যান্ট ২০ জন (১টি ব্যাচ), ডিজিটাল মার্কেটিং ২০ জন (১টি ব্যাচ)} ওমেন ফ্রিল্যান্সার তৈরি করা হবে। ইতোমধ্যে ব্রাহ্মণবাড়িয়া সদর, কসবা এবং নবীনগর উপজেলায় গ্রাফিক্স ডিজাইন, ওয়েব ডেভেলপম্যান্ট ও ডিজিটাল মার্কেটিং কোর্সসমূহ চলমান। প্রশিক্ষণার্থী প্রত্যেককে ০১ টি করে ল্যাপটপ প্রদান করা হয়েছে।	১। হার পাওয়ার প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে।	১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), ব্রাহ্মণবাড়িয়া। ২. উপজেলা নিবার্হী অফিসার, সদর/ কসবা/ নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া। ৩. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ৪. সহকারী প্রোগ্রামার, সদর/কসবা/নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।
২.৮	**ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প:** জেলা প্রশাসক মহোদয় ইডিসি প্রকল্প সম্পর্কে জানতে চাইলে প্রোগ্রামার সভায় অবহিত করেন যে, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের ১৪ আগস্ট ২০২৪ তারিখের স্মারক নম্বর ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২.৬৩৩ এর মাধ্যমে জানা যায় যে, প্রান্তিক পর্যায়ে ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য ৩৬টি Internet Service Provider (ISP) প্রতিষ্ঠানকে নির্বাচন করা হয়। ISP প্রতিষ্ঠান হিসেবে ব্রাহ্মণবাড়িয়া জেলায় সরকার কমিউনিকেশন এ কাজের দায়িত্ব পায়। উক্ত প্রতিষ্ঠান ব্রাহ্মণবাড়িয়া জেলার ০৯(নয়) টি উপজেলায় ১৮৩৫ টি ইন্টারনেট সংযোগ প্রদান করবে। প্রান্তিক পর্যায়ের ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ প্রদানের লক্ষ্যে বিভিন্ন প্রতিষ্ঠান যথা জাতীয় বিশ্ববিদ্যালয়, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, স্বাস্থ্য অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহ (কমিউনিটি ক্লিনিক), সমাজসেবা অধিদপ্তর, ভূমি সংস্কার বোর্ড, বস্ত্র	১। UPAC ফরম এ ব্যবহারকারী প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কানেক্টেভিটি যাচাই-বাছাই পূর্বক স্বাক্ষর করবেন। ২। ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ সংক্রান্ত নির্দেশনা ও অন্যান্য পত্রাদি জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে প্রোগ্রামার ই-মেইলে প্রেরণ করবেন।	১. ব্যবহারকারী প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা। ২. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। ৩.সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।

ক্র.ন.	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
	অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয় এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতিকে নির্বাচন করা হয়। বর্ণিত কার্যক্রমকে সফল ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্প দপ্তর থেকে নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিতকরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়: ১। অনুমোদিত Wi-Fi রাউটার এর ব্রান্ড ও মডেল: (TP-Link: AX15, H3C: NX30, D-Link: R-15) যে কোন ১টি ব্রান্ডের Wi-Fi রাউটার এর সিরিয়াল নম্বরসহ নিশ্চিতকরণ; ২। অনুমোদিত 4 core ফাইবার ক্যাবল এর ব্রান্ড ও পরিমাণ: (Leo, OFS, Claron, Corning, keman Indo, Usha Martin, BRB, BCSL, Poly Cable এবং Litex) নিশ্চিতকরণ; ৩। Wi-Fi রাউটার এর সংযোগ স্ট্যাটাস ও ইন্টারনেট সংযোগের ব্যান্ডউইথ পরিমাণ ২০ MBPS নিশ্চিতকরণ; ৪। UPAC form- এ প্রতিষ্ঠান প্রধানের/ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাইন, সিল ও মোবাইল নম্বর থাকা নিশ্চিতকরণ; ৫। সংযোগ গ্রহণকারী প্রতিষ্ঠানে জেলা ICT কর্মকর্তা/ উপজেলা ICT কর্মকর্তা স্ব-শরীরে পরিদর্শন করার মাধ্যমে/ Network monitoring Software (NMS) মাধ্যমে নিশ্চিতকরণ; এবং ৬। ত্রি-পক্ষীয় চুক্তির (Service Level Agreement) বিষয়ে আইএসপিগণদের সহায়তা প্রদান করণ। জেলা প্রশাসক মহোদয় বলেন যে, User Preliminary Acceptance Certificate (UPAC) এ ব্যবহারকারী প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কানেক্টেভিটি যাচাই-বাছাই পূর্বক স্বাক্ষর করবেন। ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগ সংক্রান্ত নির্দেশনা ও অন্যান্য পত্রাদি জেলা পর্যায়ের সংশ্লিষ্ট সকলকে প্রোগ্রামার ই-মেইলে প্রেরণ করবেন।		

৩। পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/১১/২৪

মোহাম্মদ দিদারুল আলম
জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা আইসিটি বিষয়ক কমিটি

নম্বর: ৫৬.০৪.১২০০.০০০.০৬.০০১.২১. ৫৯৩

তারিখ: ২১ কার্তিক, ১৪৩১
০৫ নভেম্বর, ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম;
৩। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ ;
৪। মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর;
৫। জেলা আইসিটি বিষয়ক কমিটির সদস্যবৃন্দ (সকল), ব্রাহ্মণবাড়িয়া;
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া;
৭। সহকারী প্রোগ্রামার (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া;
৮। অফিস কপি।

০৬/১১/২৪

মো: সামছু উদ্দিন
প্রোগ্রামার
ও
সদস্য সচিব
জেলা আইসিটি বিষয়ক কমিটি